

## অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য নিরসন এবং সামাজিক উন্নয়নের জন্য জাতীয় কৌশল

বর্তমান সরকার দেশের অর্থনৈতিক ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণের অব্যবহিত পরই সংস্কারের অগ্রাধিকার এলাকা চিহ্নিতকরণসহ জাতিসংঘ ঘোষিত Millennium Development Goals (MDG) -এর ঘোষণার সাথে সামঞ্জস্য রেখে সরকার অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য নিরসন এবং সামাজিক উন্নয়নের কৌশলপত্র (A National Strategy for Economic Growth, Poverty Reduction and Social Development) প্রণয়নের কাজ হাতে নেয়। এ কৌশলপত্র প্রণয়নে এক্ষেত্রে বিশেষজ্ঞসহ জাতীয় পর্যায়ে ব্যাপক মত বিনিময় হয় এবং এপ্রিল ২০০২-এ কৌশলপত্রটির একটি প্রাথমিক খসড়া প্রণয়ন করা হয়। এর পর বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা, সিভিল সমাজের প্রতিনিধিবৃন্দ এবং উন্নয়ন সহযোগীদের সাথে প্রণীত খসড়ার ভিত্তিতে ব্যাপক আলোচনা

হয় এবং তাদের কাছ থেকে প্রাপ্ত মতামতের আলোকে জানুয়ারি ২০০৩-এ কৌশলপত্রটির একটি সংশোধিত খসড়া প্রণয়ন করা হয়।  
মার্চ ২০০৩ -এ আরো কতিপয় সংশোধনী এনে খসড়াটি চূড়ান্ত করা হয়।

দারিদ্র জনগোষ্ঠী যাতে প্রবৃদ্ধির সুফল লাভ করেন তা নিশ্চিত করা হবে আলোচ্য উন্নয়ন কৌশলের অন্যতম প্রধান লক্ষ্য। প্রণীত কৌশলপত্রে দারিদ্র নিরসনের নিম্নোক্ত পাঁচটি কৌশলের উপর গুরুত্ব আরোপ করা হয়েছেঃ

- দারিদ্র নিরসন বান্ধব প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ
- সুশাসনের প্রসার
- মানব উন্নয়নে বিনিয়োগ
- নারী উন্নয়ন এবং
- সামাজিক নিরাপত্তার নিশ্চিতকরণ।